

71

2015

PHILOSOPHY — GENERAL

Second Paper

Full Marks – 100

Candidates are required to give their answers in their own words as far as practicable

Set – I

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

প্রথম ভাগ

(পাশ্চাত্য যুক্তিবিজ্ঞান)

১ নং প্রশ্ন এবং অবশিষ্ট প্রশ্নগুলির মধ্যে প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও দুটি প্রশ্নের উত্তর দাও

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো চারটি) : ৫×৪

- (ক) বাক্য ও বচনের মধ্যে যে-কোনো দুটি পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা কর।
- (খ) যুক্তি ও যুক্তির আকার বলতে কী বোঝ ? উদাহরণসহ ব্যাখ্যা কর।
- (গ) 'প্রত্যেক কবিই শিল্পী' বাক্যটির যুক্তিবিজ্ঞানসম্মত রূপ দাও ও কোন পদ ব্যাপ্য তা বল।
- (ঘ) উদাহরণসহ বৈকল্পিক বচনের সত্যতার শর্ত ব্যাখ্যা কর।
- (ঙ) নিম্নলিখিত বাক্যদুটি বুলীয় লিপিতে ব্যক্ত কর এবং ভেনচিত্রে রূপান্তর কর :
(অ) সব ফুল সুগন্ধী নয়।
(আ) কেবলমাত্র ছাত্ররা বুদ্ধিমান।
- (চ) 'p' মিথ্যা ও 'q' সত্য হলে 'p∩q' ও 'p∪q' এর সত্যমূল্য কী হবে ?
- (ছ) পদের ব্যাপ্যতা বলতে কী বোঝায় ? উদাহরণসহ ব্যাখ্যা কর।
- (জ) মিলের অস্থায়ী পদ্ধতির সাংকেতিক আকার ও মূর্ত উদাহরণ দাও।

ইউনিট - ১

- ২। (ক) আবর্তন কাকে বলে ? আবর্তনের নিয়মগুলি উল্লেখ কর। ৩+৪
- (খ) 'A' বচনের সরল আবর্তন কি সম্ভব ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪
- (গ) নিম্নলিখিত বাক্যগুলির আবর্তন কর : ১×৪
(অ) কোনো জিনিষ যুগপৎ সাদা ও কালো নয়।
(আ) সাদা বাঘ আছে।
(ই) এভারেস্ট সর্বোচ্চ পর্বতশিখর।
(ঈ) গোলাপ ফুল সুগন্ধী।

[Turn Over]

- ৩। ভেনচিত্রের সাহায্যে যুক্তি বা যুক্তির আকারগুলির বৈধতা বিচার কর (যে-কোনো তিনটি) : ৫×৩
- (অ) AII-Fig-1,
 (আ) AOO-Fig-2,
 (ই) AAI-Fig-4,
 (ঈ) কোনো কোনো দার্শনিক হন গণিতজ্ঞ; সুতরাং কোনো কোনো বৈজ্ঞানিক হন দার্শনিক
 কেননা সকল বৈজ্ঞানিক হন গণিতজ্ঞ।

ইউনিট - ২

- ৪। (ক) সত্যসারণীর সাহায্যে নিম্নলিখিত যুক্তিগুলির বৈধতা বিচার কর (যে-কোনো দুটি) : ৩×২
- (অ) $A \supset B$
 $B \supset A \mid \therefore A \vee B$
 (আ) $K \vee L, K \mid \therefore \sim L$
 (ই) $(R \vee S) \supset T$
 $T \supset (R \cdot S) \mid \therefore (R \cdot S) \supset (R \vee S)$
- (খ) সত্যসারণীর সাহায্যে বচনাকারগুলি স্বতঃসত্য, স্বতঃমিথ্যা অথবা আপাতিক কিনা নির্ণয় কর : ৩×৩
- (অ) $(p \vee \sim p) \cdot (q \supset q)$
 (আ) $[p \cdot (q \vee r)] \equiv (p \cdot q) \vee (p \cdot r)$
 (ই) $p \equiv [p \vee (p \supset q)]$

- ৫। মিলের সহপরিবর্তন পদ্ধতি উদাহরণসহ ব্যাখ্যা ও বিচার কর। ১০+৫

দ্বিতীয় ভাগ
(মনোবিদ্যা)

৬ নং প্রশ্ন এবং অবশিষ্ট প্রশ্নগুলির মধ্যে প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও দুটি প্রশ্নের উত্তর দাও

- ৬। যে-কোনো চারটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৫×৪
- (ক) অধ্যাস ও অমূল প্রত্যক্ষের মধ্যে উদাহরণসহ পার্থক্য কর।
 (খ) বিস্মৃতির কারণগুলি উল্লেখ কর।
 (গ) নির্জ্ঞান স্তরের অস্তিত্বের পক্ষে যে-কোনো দুটি যুক্তি দাও।
 (ঘ) উদ্দীপক কাকে বলে? একটি উদাহরণ দাও।
 (ঙ) স্বপ্নাকৃতি কাকে বলে?
 (চ) সাপেক্ষ প্রতিবর্ত ক্রিয়া বলতে কী বোঝায়?
 (ছ) অনুষঙ্গের নীতিগুলি কী কী? আলোচনা কর।
 (জ) মানসিক বয়স ও কালিক বয়সের মধ্যে পার্থক্য কর।

ইউনিট - ৩

- ৭। সংবেদন কাকে বলে? প্রত্যক্ষ ও সংবেদনের মধ্যে পার্থক্য কী? বিশুদ্ধ সংবেদন কি সম্ভব? আলোচনা কর। ৩+৮+৪

